# অনলাইন লাইভ ক্লাসে শিক্ষক- শিক্ষিকার বিরুদ্ধে অশ্লীলতার অভিযোগ

**স্টাফ রিপোর্টার ॥** বিশ্ববিদ্যালয় ভর্তিচ্ছু শিক্ষার্থীদের অনলাইন প্রস্তুতির প্ল্যাটফর্মে শিক্ষার পরিবেশে অশ্লীলতা ছড়ানোর অভিযোগে বুধবার ভাটারা থানায় লিখিত অভিযোগ করেছেন আশরাফ বিজয় নামে এক অভিভাবক। অনলাইন লাইভ ক্লাসে শিক্ষক-শিক্ষিকার আপত্তিকর আচরণের ঘটনায় তীব্র প্রতিক্রিয়া জানিয়ে থানায় তিনি একটি লিখিত অভিযোগ দাখিল করেন।

এ ব্যাপারে ভাটারা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ মাজহারুল ইসলাম জানান, এ বিষয়ে তদন্ত করা হচ্ছে। এতে প্রমাণিত হলে দোষীদের বিরুদ্ধে আইনগত পদক্ষেপ নেওয়া হবে।

অভিযোগে তিনি বলেন, গত ৮ জুলাই রাত ১২টার দিকে অনলাইন লাইভ ক্লাস চলাকালীন এক নারী ও এক পুরুষ উদ্দেশ্যপ্রণোদিতভাবে অসামাজিক কাজ করেন। এ ধরনের আচরণ অভিভাবক ও ছাত্রছাত্রীদের ওপর নেতিবাচক প্রভাব পড়ছে। শিক্ষক-শিক্ষিকাদের পেশাগত মর্যাদাও এতে ক্ষুন্ন হয়েছে। ঘটনাটির ভিডিও ফুটেজ সংরক্ষিত রয়েছে। এটি অপরাধের প্রমাণ হিসেবে ব্যবহৃত হতে পারে। এ কারণেই আমি থানায় অভিযোগ দায়ের করছি।

ভাইরাল হওয়া ভিডিওটি অন্বেষণ কোচিং সেন্টারের ইউটিউব চ্যানেল থেকে পাওয়া যায়। সেখানে প্রতিষ্ঠানটির এক শিক্ষিকা ও এক শিক্ষককে লাইভ ক্লাস চলাকালীন চুম্বনের দৃশ্যে দেখা যায়। পরে ভিডিওটি ছড়িয়ে পড়লে সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপক সমালোচনার জন্ম দেয়। ভিডিওতে তাদের অঙ্গভঙ্গি ও আচরণ প্রকাশ্যভাবে শিক্ষার পরিবেশকে প্রশ্নবিদ্ধ করে তুলেছে বলে মনে করছেন অভিভাবক ও শিক্ষার্থীরা।

এ ব্যাপারে ভুক্তোভোগী আশরাফ বিজয় জানান, আমি একজন অভিভাবক হিসেবে এমন অশ্লীলতা ছড়ানোয় থানায় অভিযোগ করেছি। আমি ওই দুই শিক্ষকসহ প্রতিষ্ঠানটির বিচার চাই।